# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ২০তম সভার কার্যবিবরণী

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ বিষয়ে বোর্ডের মহাপরিচালক এবং বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে ২৯/১২/২০১৯ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় তাঁর সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ ছাড়াও বোর্ডের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ অংশগ্রহণ করেন। সভায় সংশ্লিষ্ট দপ্তরের অংশীজন (Stakeholders) উপস্থিত ছিলেন।

বোর্ডের মহাপরিচালক এবং সভার সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য তিনি বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং বোর্ডের সচিব জনাব মোঃ মুজিবুর রহমানকে অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে সচিব, বাপাউবো সভাকে অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। ১ জুলাই, ২০১৬ সাল থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হচ্ছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসহ ১২ টি ক্ষেত্রে ৩০টি কার্যক্রম ২য় কোয়ার্টারে নির্ধারণ করা হয়েছে।

বিভিন্ন কার্যক্রমসমূহের বিপরীতে ২০১৯-২০২০ বছরে এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| কার্যক্রমের নাম | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০১৯-২০২০ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৯-২০২০:২য় কোয়ার্টার | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.................** | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | বোর্ড সচিবালয় | ৪টি | ১টি | নির্ধারিত সভাটি ২৯/১২/১৯ তারিখে ২য় কোয়ার্টারের মধ্যে অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বোর্ড সচিবালয় | | | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.....................** | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | বোর্ড সচিবালয় | ২টি | ১টি | সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বোর্ড সচিবালয় | | | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ পরিদপ্তর/ সকল দপ্তর | ১৮৬৪ জন | ৬০০ জন | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ৬৮৩ জন। নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ পরিদপ্তর/ সকল দপ্তর | ১৮৬৪ জন | ৬০০ জন | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ২৫৫ জন। প্রশিক্ষণ কার্যক্রম আরো বৃদ্ধির জন্য নির্দেশ প্রদান করা হয়। |
| **৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ...........................** | | | | |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | সিস্টেমএনালিষ্ট / আইসিটি সেল | | | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ হালনাগাদ করা হয়েছে বলে আইসিটি সেল থেকে নিশ্চিত করা হয়েছে। |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | বোর্ড সচিবালয় | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | শুদ্ধাচার সেবা নিয়মিত হাল নাগাদ করা হচ্ছে বিধায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সংশ্লিষ্ট সকলকে এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৪.৩ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | প্রসেসিং সেকশন চীফ মনিটরিং এর দপ্তর | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | সিস্টেমএনালিষ্ট / পরিচালক প্রসেসিং | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য প্রকাশ অধিকার সেবাবক্স হালনাগাদকরণ প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৪.৫ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | সিস্টেমএনালিষ্ট / পরিচালক প্রসেসিং | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | জিআরএস সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হয়েছে বিধায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। |
| **৫. সুশাসন প্রতিষ্ঠা ..........................................................................................** | | | | |
| ৫.২ বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | প্রধান পরিকল্পনা | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | ১ম কোয়ার্টারেই সম্পন্ন করা হয়। |
| **৬. প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার.........................** | | | | |
| ৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি | প্রধান মনিটরিং | ৯০ | ১২ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৬.৩ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | অমপ (পূর্ব/পশ্চিম)/ প্রধান মিনিটরিং | ৮০ | ১৫ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৬.৪ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | স্ব স্ব প্রকল্প পরিচালক | ৭০ | ১০ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| **৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার.................** | | | | |
| ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ক্রয়কারী দপ্তর<br>মাঠ দপ্তর | ১০০ | ২০ | বাস্তবায়িত। |
| **৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ.......................** | | | | |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | কর্মচারী উন্নয়ন পরিদপ্তর | ১০০ | ২৫ | বাস্তবায়ন করা হয়েছে। |
| ৮.২ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন | মহাপরিচালক/ অতিঃ মহাপরিচালক/ দপ্তর প্রধান (সকল) | ৬০ | ১৫ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৮.৩ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | মহাপরিচালক/ অমপগণ | ১০০ | ১০০ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | বোর্ডের সকল দপ্তর | | নথি শ্রেণি বিন্যাসকৃত | বোর্ডের সকল দপ্তরের দপ্তর প্রধান এই বিষয়ে তাঁর দপ্তরে বিদ্যমান নথির শ্রেণীবিন্যাসের কার্যক্রম সচিবালয় নির্দেশিকার আলোকে চলমান রয়েছে। |
| ৮.৫ শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | বোর্ডের সকল দপ্তর | ৪০ | ১০ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | বোর্ড সচিবালয় | ২টি | ১টি | গণশুনানী আয়োজনের বিষয়টি ২য় কোয়াটারের জন্য নির্ধারিত থাকায় তা ৩০/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| **৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**................(অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | | |
| ৯.১ হেল্প ডেস্ক সার্ভিসের উন্নয়ন | বোর্ডের সকল দপ্তর | ৩০/১২/১৯ | ৩০/১২/১৯ | আপগ্রেড করা হয়েছে। |
| ৯.২ সরাসরি দপ্তর প্রধানের সাথে সেবা প্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ | বোর্ডের সকল দপ্তর | ২৫/০৯/১৯<br>২৫/১২/১৯<br>২৫/০৩/২০<br>২৫/০৬/২০ | ২৫/১২/১৯ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৯.৩ মোটিভেশন (Motivation) এর মাধ্যমে দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে অফিসকে দালালমুক্ত করার ব্যবস্থা গ্রহণ | বোর্ডের সকল দপ্তর | ৩০/১২/১৯ | ৩০/১২/১৯ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ৯.৪ প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর পরিচয়পত্র পরিধান ব্যাধ্যতামূলক | বোর্ডের সকল দপ্তর | ৩০/১২/১৯ | ৩০/১২/১৯ | বাস্তবায়িত হয়েছে। |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| | | | | |
|---|---|---|---|---|
| ৯.৫ ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণের অধিক অংশগ্রহণ নিশ্চিত করে তথ্যমেলা ও সেবা সপ্তাহের নিয়মিত আয়োজন করা | বোর্ডের সকল দপ্তর | ৩০/১২/১৯ | ৩০/১২/১৯ | - |
| **১২. পরিবীক্ষণ ও মূল্যায়ন……………………………** | | | | |
| ১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | বোর্ড সচিবালয় | ১০/১০/১৯<br>১০/০১/২০<br>১০/০৪/২০<br>১০/০৭/২০ | ১০/০১/২০ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ১২.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | বোর্ড সচিবালয় | ৩০/৯/১৯<br>৩০/১২/১৯<br>৩০/০৩/২০<br>৩০/০৬/২০ | ৩০/১২/১৯ | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০১/২০২০

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা